

বাংলাদেশ ইন্সটিটিউট অব ক্যাপিটাল মার্কেট

বিজিআইসি টাওয়ার, ৩৪, তোপখানা রোড, ঢাকা-১০০০

প্রেস বিজ্ঞপ্তি

ঠাকুরগাঁও সরকারি কলেজের শিক্ষার্থীদের নিয়ে বিআইসিএম এর বিনিয়োগ শিক্ষা প্রোগ্রাম অনুষ্ঠিত

ঠাকুরগাঁও (০৭.০৫.২০২৬):



বাংলাদেশ ইন্সটিটিউট অব ক্যাপিটাল মার্কেট (বিআইসিএম) ঠাকুরগাঁও সরকারি কলেজ-এর শিক্ষার্থীদের নিয়ে ‘ইনভেস্টমেন্ট ইন ক্যাপিটাল মার্কেট’ শীর্ষক বিনিয়োগ শিক্ষা প্রোগ্রাম আয়োজন করেছে। আজ ০৭ মে ২০২৬ তারিখ কলেজের ব্যবসায় শিক্ষা ভবনের সম্মেলন কক্ষে এ বিনিয়োগ শিক্ষা প্রোগ্রাম অনুষ্ঠিত হয়।

বিনিয়োগ শিক্ষা প্রোগ্রামে সভাপতিত্ব করেন ঠাকুরগাঁও সরকারি কলেজ-এর অধ্যক্ষ অধ্যাপক মোঃ মোকাররম হোসেন। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন কলেজের ব্যবস্থাপনা বিভাগের সভাপতি ও সহযোগী অধ্যাপক জনাব এস. এম. জাকারিয়া।

এসময় ব্যবস্থাপনা বিভাগের সহকারী অধ্যাপক জনাব মো. মনোয়ার রায়হান, বিআইসিএম-এর উপ-পরিচালক জনাব মোঃ সিরাজুল ইসলাম, এসিএস, সহকারী অধ্যাপক জনাব মোঃ হাবিবুল্লাহ, এফসিসিএ, সহকারী অধ্যাপক জনাব শাফায়েদুজ্জামান খান ও প্রভাষক জনাব ইমরান মাহমুদসহ বিভিন্ন বিভাগের শিক্ষকবৃন্দ উপস্থিত ছিলেন।

বিআইসিএম-এর সহকারী অধ্যাপক জনাব মোঃ হাবিবুল্লাহ, এফসিসিএ, সহকারী অধ্যাপক জনাব শাফায়েদুজ্জামান খান ও প্রভাষক জনাব ইমরান মাহমুদ বিনিয়োগ শিক্ষা প্রোগ্রামটির বিভিন্ন সেশন পরিচালনা করেন।

বিআইসিএম নিয়মিতভাবে বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের পাশাপাশি সরকারি কলেজের শিক্ষার্থীদের নিয়ে পুঁজিবাজার ও আর্থিক বাজারসংশ্লিষ্ট বিভিন্ন বিষয়ের উপর প্রশিক্ষণ ও কর্মশালা আয়োজন করে থাকে। এরই অংশ হিসেবে আজ ঠাকুরগাঁও সরকারি কলেজে এ আয়োজন করা হয়।

ধন্যবাদান্তে,

(মোহাম্মাদ আব্দুল্লাহিল ওয়ারিশ)

জনসংযোগ কর্মকর্তা (অতিরিক্ত দায়িত্ব)

বাংলাদেশ ইন্সটিটিউট অব ক্যাপিটাল মার্কেট

ফোনঃ ০১৭১৮-৭৬৯৮১২

ই-মেইলঃ oarish@bicm.ac.bd